**বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)**
নায়েম ক্যাম্পাস, একাডেমিক ভবন (৬ষ্ঠ তলা), ধানমন্ডি, ঢাকা-১২০৫
ওয়েবসাইট: www.ntrca.gov.bd ও ntrca.teletalk.com.bd
ই-মেইল: ntrca2005@yahoo.com ফ্যাক্স: ০২-৫৫১৬৭৪২৭

স্মারক নম্বর: বেশিনিক/পমূপ্র/ত্রয়োদশ নিপ/৫৪১/২০১৬/২৩৭ তারিখ: ২৪ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিঃ

# বিজ্ঞপ্তি

## ত্রয়োদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৬

দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষক নিয়োগের উদ্দেশ্যে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA) কর্তৃক প্রার্থী নিবন্ধন ও প্রত্যয়নের লক্ষ্যে ত্রয়োদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৬ তে অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ত্রয়োদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৬ তে প্রার্থীদের প্রথম ধাপে প্রিলিমিনারি টেস্ট গ্রহণ করা হবে। প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থীদের দ্বিতীয় ধাপে লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। পরবর্তী ধাপে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।

২। **নিবন্ধন পরীক্ষার আবেদনপত্র:**

ক. ত্রয়োদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণকে **http://ntrca.teletalk.com.bd** ওয়েবসাইটে প্রদত্ত ফরমে আবেদন করতে হবে।

খ. ত্রয়োদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৬ এ অংশগ্রহণ ইচ্ছুক প্রার্থীদের প্রকাশিত এই বিজ্ঞপ্তির ৪নং অনুচ্ছেদে উল্লিখিত পদ্ধতিতে আবেদনপত্র অনলাইনে পূরণ করতে হবে।

গ. প্রকাশিত বিজ্ঞপ্তিটি **http://ntrca.teletalk.com.bd** ওয়েবসাইটে পাওয়া যাবে।

৩। **অনলাইনে আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদানের তারিখ এবং সময়সীমা নিম্নরূপ:**

ক. **Online-এ আবেদনপত্র পূরণ ও ফি জমা প্রদান শুরুর তারিখ ও সময়: ০৬/০৩/২০১৬ তারিখ বেলা ৩:০০ টা**

খ. **Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৩/০৪/২০১৬ তারিখ সন্ধ্যা ৬:০০ টা পর্যন্ত**

গ. **প্রিলিমিনারি টেস্টের জন্য প্রার্থীকে অনলাইনে আবেদনের সময় সনদের হার্ডকপি (১০নং অনুচ্ছেদে বর্ণিত) প্রেরণের প্রয়োজন হবে না।** প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থীগণ ১০ নং অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা মোতাবেক হার্ডকপি প্রেরণ করবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ১০ নং অনুচ্ছেদে বর্ণিত সনদসমূহের মূলকপি মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করবেন।

**বি.দ্র.** ক. ০৩/০৪/২০১৬ সন্ধ্যা ৬:০০ টার মধ্যে শুধুমাত্র User ID প্রাপ্ত প্রার্থীগণ উক্ত সময়ের পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে (অর্থাৎ ০৬/০৪/২০১৬ তারিখ সন্ধ্যা ৬:০০ টা পর্যন্ত) SMS-এর মাধ্যমে (বিজ্ঞপ্তির ৫নং অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণ করে) ফি জমা দিতে পারবেন।

খ. শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষায় না থেকে নির্ধারিত তারিখ ও যুক্তিসঙ্গত সময়ের পূর্বে সতর্কতার সঙ্গে প্রার্থীকে নিজে Online-এ আবেদনপত্র পূরণ ও প্রেরণ সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

৪। **অনলাইন আবেদনপত্র পূরণ করার নিয়মাবলি:**

ক. শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী প্রার্থী যে পদে আবেদন করতে ইচ্ছুক ওয়েবসাইটে প্রবেশ করে সেই পদের রেডিও বাটন সিলেক্ট করে আবেদনপত্র Open করবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী নিজ স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০) pixel ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে সন্নিবেশিত (Upload ) করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু প্রিলিমিনারি, লিখিত, মৌখিক পরীক্ষাসহ পরবর্তী সকল কার্যক্রমে এবং উত্তীর্ণ প্রার্থীদের সার্টিফিকেট প্রদানের ক্ষেত্রে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র প্রেরণ (Submit) করার পূর্বেই **পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।** পুণশ্চঃ পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. **চূড়ান্ত ফলাফলের ভিত্তিতে উপজেলা-ভিত্তিক মেধা তালিকা প্রণীত হবে বিধায় অনলাইন আবেদনে পূরণকৃত প্রার্থীর স্থায়ী ঠিকানা কোন অবস্থাতেই পরিবর্তনযোগ্য নয়। তাই সতর্কতার সাথে অনলাইন আবেদন ফরম পূরণের জন্য প্রার্থীকে পরামর্শ দেয়া যাচ্ছে।**

ঙ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের প্রিন্টকপি সংরক্ষণ করবেন। প্রিলিমিনারি ও লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে আবেদনপত্রের একটি প্রিন্টকপি ও ১০নং অনুচ্ছেদে চাহিত সনদপত্রসমূহের মূল কপি মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করবেন। তাছাড়া পরীক্ষা চলাকালীন আবেদনপত্রের একটি প্রিন্টকপি প্রার্থী ব্যক্তিগতভাবে সংরক্ষণ করবেন যাতে সঠিকতা নিরূপণের প্রয়োজন হলে প্রার্থী তা প্রদর্শন করতে পারেন।

চ. প্রার্থী যে পদে পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করতে ইচ্ছুক সেই পদের বিপরীতে বিজ্ঞপ্তিতে উল্লিখিত বিষয়/বিষয়সমূহ হতে নিবন্ধন পরীক্ষার ঐচ্ছিক বিষয় নির্ধারণ করবেন এবং তা Online আবেদনপত্রে উল্লেখ করবেন।

ছ. প্রার্থীর নিজ নাম, পিতার নাম ও মাতার নাম এসএসসি অথবা সমমানের পরীক্ষা পাশের সনদে যেভাবে উল্লেখ রয়েছে অনলাইন আবেদনপত্রে একই ভাবে পূরণ করবেন।

জ. **Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ে যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পঠন এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করার প্রতি মনোযোগী হবার পরামর্শ প্রদান করা হচ্ছে।**

৫। **পরীক্ষার ফিস প্রদানঃ**

ক. **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদানঃ**

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুসারে প্রার্থীর ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে প্রদত্ত User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ নির্ধারিত ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা প্রদান করবেন।

**প্রথম SMS**: NTRCA<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**দ্বিতীয় SMS**: NTRCA<space>Yes<Space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

খ. **বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।**

গ. শুধু **টেলিটক** প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলেঃ NTRCA<Space>Help<Space>User<Space>User ID & send to 16222.
Example: NTRCA Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলেঃ NTRCA<Space>Help<Space>PIN<Space>PIN No. & send to 16222.
Example: NTRCA Help PIN 12345678 & send to 16222.

৬। **অবতীর্ণ (Appeared) প্রার্থীঃ**

ক. শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে পরীক্ষায় অবতীর্ণ (Appeared) কোন প্রার্থীর আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

খ. শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে সদ্য উত্তীর্ণ প্রার্থীগণ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র, টেবুলেশন শিট/ নম্বরপত্র ও প্রবেশপত্র মৌখিক পরীক্ষায় প্রদর্শনের জন্য সংরক্ষণ করবেন।

৭। **প্রবেশপত্র (Admit Card):**

ক. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে যথাসময়ে SMS-এর মাধ্যমে জানানো হবে। SMS প্রাপ্তির পর প্রার্থী তার প্রবেশপত্র **http://ntrca.teletalk.com.bd** ওয়েবসাইট হতে Download করে নিতে পারবেন।

খ. **প্রিলিমিনারি টেস্টের প্রবেশপত্রঃ** ৫নং অনুচ্ছেদের নির্দেশনা অনুসারে পরীক্ষার নির্ধারিত ফি জমা হলে টেলিটক হতে SMS-এর মাধ্যমে প্রার্থীর মোবাইল নম্বরে User ID এবং Password প্রেরণ করা হবে। প্রেরিত User ID এবং Password ব্যবহার করে প্রার্থী তার প্রিলিমিনারি টেস্টের প্রবেশপত্র যথাসময়ে Download করে নিতে পারবেন।

গ. **লিখিত পরীক্ষার প্রবেশপত্রঃ** প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থীদের ফলাফল প্রকাশিত হওয়ার পর উত্তীর্ণ প্রার্থীদের অনুকূলে প্রবেশপত্র **http://ntrca.teletalk.com.bd** ওয়েবসাইটে প্রদান (Upload) করা হবে। যোগ্য প্রার্থীগণ SMS প্রাপ্তির পর পূর্বে প্রদত্ত User ID এবং Password ব্যবহার করে লিখিত পরীক্ষার প্রবেশপত্র যথাসময়ে Download করে নিতে পারবেন।

ঘ. **লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় ও স্থান** SMS-এর মাধ্যমে যথাসময়ে অবহিত করা হবে।

ঙ. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ প্রিলিমিনারি টেস্টের প্রবেশপত্র ও লিখিত পরীক্ষার প্রবেশপত্র সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষা ও সনদ গ্রহণের সময়ে আবশ্যিকভাবে প্রদর্শন করবেন।

৮। **ডিক্লারেশনঃ**

ক. প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো দুর্নীতির আশ্রয় গ্রহণ করা হলে বা কোনো প্রার্থী আবেদনপত্রে জ্ঞাতসারে কোনো ভুল বা মিথ্যা তথ্য প্রদান করলে বা প্রয়োজনীয় তথ্য গোপন করলে বা টেম্পারিং করলে বা কোনো জাল সার্টিফিকেট দাখিল করলে বা বয়স ও শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত সার্টিফিকেটের কোনো অংশ বা প্রবেশপত্র কাটাকাটি বা পরিবর্তন করলে বা পরীক্ষার হলে মোবাইল ফোন বা কোনো ধরনের ইলেকট্রনিক যোগাযোগ যন্ত্রসহ প্রবেশ এবং উক্ত প্রযুক্তির মাধ্যমে অসৎ পন্থা গ্রহণ করলে বা পরীক্ষার হলে দুর্ব্যবহার করলে বা প্রতারণার আশ্রয় নিলে তাকে উক্ত পরীক্ষাসহ NTRCA কর্তৃক অনুষ্ঠেয় পরবর্তী যে কোনো পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণা করা হবে, অধিকন্তু তার বিরুদ্ধে ফৌজদারী কার্যক্রমও গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

খ. কোন প্রার্থী সম্পর্কে বর্ণিত অভিযোগ পাওয়া গেলে, যথাযথ তদন্ত সাপেক্ষে তার নিবন্ধন বাতিল করে সনদপত্র প্রত্যাহার করা হবে এবং তিনি কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগ পেয়ে থাকলে উক্ত নিয়োগ বাতিল বলে বিবেচিত হবে এবং নিয়োগ লাভের কারণে প্রাপ্ত আর্থিক সুবিধাদি ফেরতযোগ্য হবে এবং তার বিরুদ্ধে ফৌজদারী কার্যক্রমও গ্রহণ করা যাবে।

গ. প্রার্থী কর্তৃক প্রদত্ত ডিক্লারেশন অনুযায়ী প্রিলিমিনারি টেস্টের জন্য সাময়িকভাবে যোগ্য বিবেচনা করে প্রবেশপত্র প্রদান করা হবে।

ঘ. লিখিত পরীক্ষায় কৃতকার্য হলে প্রার্থীকে অনলাইন আবেদনপত্রে প্রদত্ত প্রতিটি তথ্যের স্বপক্ষে যথাযথ সনদ/প্রত্যয়নপত্র মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকালীন বোর্ডের সম্মুখে প্রদর্শন করতে হবে। কোনো প্রার্থী অনলাইন Form-এ প্রদত্ত তথ্য ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ যথাযথ সনদ/প্রত্যয়নপত্র বোর্ডের সম্মুখে দাখিল করতে ব্যর্থ হলে বা কোনো পদের জন্য নির্ধারিত যোগ্যতা না থাকলে বা আবেদন ফরমে ভুল তথ্য প্রদান করলে বা কোনো অযোগ্যতা বা কোনো Substantive ত্রুটি ধরা পড়লে যে কোনো পর্যায়ে তার প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

ঙ. যদি কোনো প্রার্থী মিথ্যা/ভিন্ন/ভুল তথ্য প্রদান করেন তবে যে কোনো পর্যায়ে তা প্রমাণিত হলে তার সামগ্রিক প্রার্থীতা বাতিল হবে এবং তিনি NTRCA কর্তৃক গৃহীতব্য পরীক্ষায় সকল পদে আবেদনের অযোগ্য হিসেবে বিবেচিত হবেন এবং উক্ত প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

চ. যদি কোন প্রার্থী জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তির সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হন বা বিবাহ বন্ধনে আবদ্ধ হবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর দুই বছর সময় অতিক্রান্ত না হয়ে থাকে তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

৯। **প্রিলিমিনারি টেস্ট:**

ক. **প্রিলিমিনারি টেস্টের সময়সূচি:**

| তারিখ ও বার | সময় | পর্যায় |
|---|---|---|
| ০৬.০৫.২০১৬ (শুক্রবার) | সকাল ১০:০০ টা - বেলা ১১:০০ টা | স্কুল ও স্কুল-২ |
| ০৭.০৫.২০১৬ (শনিবার) | সকাল ১০:০০ টা - বেলা ১১:০০ টা | কলেজ |

খ. প্রার্থীদের ১০০ (একশত) নম্বরের একটি Multiple Choice Question (MCQ) Type প্রিলিমিনারি টেস্টে অংশগ্রহণ করতে হবে। পরীক্ষার পূর্ণ সময় ১ (এক) ঘন্টা। Optical Mark Readable Lithocode যুক্ত উত্তরপত্র OMR মেশিনে কম্পিউটারের মাধ্যমে মূল্যায়ন করা হবে।

গ. এই পরীক্ষায় মোট ১০০ (একশত) টি প্রশ্ন থাকবে। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১(এক) নম্বর পাবেন, তবে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ (দশমিক পাঁচ শূণ্য) নম্বর কাটা যাবে।

ঘ. প্রিলিমিনারি টেস্টে অংশগ্রহণের ক্ষেত্রে প্রার্থীদের উপযুক্ততা এবং প্রিলিমিনারি টেস্টে কৃতকার্যতা নির্ধারণের ক্ষেত্রে এনটিআরসিএ-এর প্রদত্ত সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ঙ. প্রিলিমিনারি টেস্টে পাশ নম্বর ৪০%।

চ. ৩টি পর্যায়ে যথা- (১) স্কুল পর্যায় (২) স্কুল পর্যায়-২ ও (৩) কলেজ পর্যায়ে পৃথক প্রশ্নপত্রে পরীক্ষার্থীগণ প্রিলিমিনারি টেস্টে অংশগ্রহণ করবেন।

ছ. প্রিলিমিনারি টেস্টের বিষয় ও নম্বর বন্টন নিম্নে প্রদান করা হলো:

| ক্র নং | বিষয়ের নাম | নম্বর বণ্টন |
|---|---|---|
| ১. | বাংলা | ২৫ |
| ২. | ইংরেজি | ২৫ |
| ৩. | সাধারণ গণিত | ২৫ |
| ৪. | সাধারণ জ্ঞান | ২৫ |
| মোট= | | ১০০ |

১০। **প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থীদের হার্ডকপি জমাদান:**

ক. প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থীগণকে SMS-এর মাধ্যমে হার্ডকপি প্রেরণের তারিখ ও সময় অবহিত করা হবে। SMS-এ প্রাপ্ত নির্দেশনা মোতাবেক উত্তীর্ণ প্রার্থীগণ Online-এ পূরণকৃত আবেদন Form (Applicant's Copy)-এর সাথে নিম্নোক্ত সনদ/ডকুমেন্ট প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে খামে ভরে **যথেষ্ট সময় হাতে রেখে ডাকযোগে নিম্নঠিকানায় পৌঁছানো অবশ্যই নিশ্চিত করবেন:**

**প্রাপক:**

**ঢাকা জি.পি.ও. বক্স নম্বর-১০৩,**
**ঢাকা-১০০০।**

খ. **প্রয়োজনীয় সনদ/Documents:**

১. সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র;

২. স্নাতক (পাস/সম্মান) পর্যায়ের নম্বরপত্র (মার্ক শিট/টেবুলেশন শিট);

৩. কেবল সহকারী শিক্ষক পদসমূহের ক্ষেত্রে প্রার্থী কর্তৃক Online আবেদনপত্রে উল্লেখিত Optional Subject-এর স্বপক্ষে প্রমাণ স্বরূপ স্নাতক (পাস/সম্মান) পর্যায়ের প্রবেশ পত্র/পত্রসমূহ;

৪. নাগরিকত্ব সনদপত্র;

৫. প্রযোজ্যক্ষেত্রে প্রশিক্ষণ সনদপত্র;

৬. জাতীয় পরিচয়পত্র।

গ. **আবেদনপত্রের হার্ডকপি কোনক্রমেই হাতে হাতে এনটিআরসিএ-তে গ্রহণ করা হবে না।**

ঘ. প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থীদের হার্ডকপি প্রেরণের ক্ষেত্রে খামের উপরে **"ত্রয়োদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষার আবেদনপত্র"** লিখতে হবে।

ঙ. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ১০(খ) অনুচ্ছেদে বর্ণিত সনদসমূহের মূলকপি এবং কর্তৃপক্ষ কর্তৃক চাহিত অন্য যে কোন সনদের মূলকপি মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করবেন।

চ. **মৌখিক পরীক্ষার সময় ১০(খ) অনুচ্ছেদে বর্ণিত সনদপত্রসমূহের মূলকপি প্রদর্শনে ব্যর্থ হলে প্রার্থীতা বাতিল হবে।**

ছ. Online-এ প্রাপ্ত আবেদনপত্র যাচাইয়ের পর শুধুমাত্র ত্রুটিমুক্ত আবেদনপত্রের বিপরীতে প্রিলিমিনারি পরীক্ষা প্রদানের অনুমতি প্রদান করা হবে।

জ. প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ (কমপক্ষে ৪০% নম্বরপ্রাপ্ত) প্রার্থীগণ লিখিত পরীক্ষায় অবতীর্ণ হওয়ার যোগ্য হিসেবে বিবেচিত হবেন।

ঝ. লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম অনুসারে প্রতিটি বিষয়ে বিদ্যমান শুন্য পদের সাথে সামঞ্জস্য রেখে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সংখ্যক প্রার্থীকে মৌখিক পরীক্ষার জন্য নির্বাচন করা হবে।

১১। **পর্যায়সমূহ:**

ক. **স্কুল পর্যায়** বলতে সহকারী শিক্ষক (বাংলা, ইংরেজি, সামাজিক বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা, গণিত ও সাধারণ বিজ্ঞান, বিজ্ঞান, কৃষি, গার্হস্থ্য বিজ্ঞান, কম্পিউটার ও ধর্ম), সহকারী শিক্ষক (শরীরচর্চা)/ শরীরচর্চা শিক্ষক, সহকারী মৌলবি, এবতেদায়ি প্রধান, প্রদর্শক ও সহকারী শিক্ষক (সাধারণ বিষয়-ভাষা) পদকে বুঝাবে।

খ. **স্কুল পর্যায়-২** বলতে ট্রেড ইন্সট্রাক্টর, জুনিয়র মৌলবি, জুনিয়র শিক্ষক (সাধারণ) ও এবতেদায়ি ক্বারী পদকে বুঝাবে।

গ. **কলেজ পর্যায়** বলতে প্রভাষক বা বিজ্ঞপ্তির ক্রমিক নং ১১-১৭ (বিষয় নং ১-৩৫) পদকে বুঝাবে।

১২। **লিখিত পরীক্ষার পদ, যোগ্যতার বিবরণ এবং অন্যান্য শর্তাবলী নিম্নে উল্লেখ করা হল:**

| ক্রমিক নং | শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ | পদের নাম | পরীক্ষার বিষয় | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/ মাদরাসা | সহকারী শিক্ষক (বাংলা) | বাংলা | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ৩০০ নম্বরের বাংলাসহ স্নাতক ডিগ্রি/ সমমান ও বি.এড ডিগ্রি/ সমমান। অথবা;<br>২. স্নাতক পর্যায়ে ৩০০ নম্বরের বাংলাসহ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/ সমমান। (তবে অধিকতর যোগ্যতা অর্থাৎ বাংলা বিষয়ে অনার্স ও মাস্টার্স থাকলে আবেদনে কোন বাধা নেই)।<br>(সমগ্র শিক্ষাজীবনে যে কোন ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) |
| | | সহকারী শিক্ষক (ইংরেজি) | ইংরেজি | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ৩০০ নম্বরের ইংরেজিসহ স্নাতক ডিগ্রি/ সমমান ও বি.এড ডিগ্রি/ সমমান। অথবা;<br>২. স্নাতক পর্যায়ে ৩০০ নম্বরের ইংরেজিসহ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/ সমমান। (তবে অধিকতর যোগ্যতা অর্থাৎ ইংরেজি বিষয়ে অনার্স ও মাস্টার্স থাকলে আবেদনে কোন বাধা নেই)।<br>(সমগ্র শিক্ষাজীবনে যে কোন ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) |
| | | সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) | ১. অর্থনীতি ২. রাষ্ট্রবিজ্ঞান ৩. ইতিহাস ৪. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ৫. সমাজবিজ্ঞান ৬. সমাজকল্যাণ/ সমাজকর্ম ৭. ভূগোল ও পরিবেশ বিজ্ঞান | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ডিগ্রি/ সমমান ও বি.এড ডিগ্রি/ সমমান। অথবা;<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ডিগ্রি/ সমমান।<br>(সমগ্র শিক্ষাজীবনে যে কোন ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সহকারী শিক্ষক (ব্যবসায় শিক্ষা) | ১. ব্যবসায় শিক্ষা (হিসাব বিজ্ঞান, ব্যবসায় পরিচিতি, অর্থায়ন ও বাজারজাতকরণ, ব্যবসায় উদ্যোগ ও বাণিজ্যিক ভূগোল) | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য/ ব্যবসায় শিক্ষা বিভাগে স্নাতক ডিগ্রি/ সমমান ও বি.এড ডিগ্রি/ সমমান। অথবা;<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রি/ সমমান।<br>(সমগ্র শিক্ষাজীবনে যে কোন ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) |
| ২. | নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/ মাদরাসা/ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান | সহকারী শিক্ষক (গণিত ও সাধারণ বিজ্ঞান) | গণিত | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিতসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/ সমমান ও বি.এড ডিগ্রি/ সমমান। অথবা;<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিতসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/ সমমান।<br>(সমগ্র শিক্ষাজীবনে যে কোন ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) |
| | | সহকারী শিক্ষক(বিজ্ঞান) | ১. পদার্থবিজ্ঞান ২. রসায়ন | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থবিজ্ঞান/ রসায়ন বিজ্ঞানসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/ সমমান ও বি.এড ডিগ্রি/ সমমান। অথবা;<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থবিজ্ঞান/ রসায়ন বিজ্ঞানসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/ সমমান।<br>(সমগ্র শিক্ষাজীবনে যে কোন ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) |
| ৩. | নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/ মাদরাসা | সহকারী শিক্ষক(কৃষি) | কৃষি শিক্ষা | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নিম্নের যেকোন ১টি ডিগ্রি/ সমমান থাকতে হবে ঃ<br>১. বিএসসি (পাস/ সম্মান) [কৃষি/ কৃষি অর্থনীতি/ মৎস্য/ পশুপালন/ কৃষি প্রকৌশল/ উদ্ভিদবিদ্যা/ প্রাণিবিদ্যা/ মৃত্তিকাবিজ্ঞান/ ডিভিএম]। অথবা;<br>২. কৃষি ডিপ্লোমা/ সমমান।<br>(সমগ্র শিক্ষাজীবনে যে কোন ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) |
| | | সহকারী শিক্ষক(গার্হস্থ্য) | গার্হস্থ্য অর্থনীতি | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ডিগ্রি/ সমমান ও বি.এড ডিগ্রি/ সমমান। অথবা;<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ডিগ্রি/ সমমান।<br>(সমগ্র শিক্ষাজীবনে যে কোন ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) |
| | | সহকারী শিক্ষক(কম্পিউটার) | কম্পিউটার শিক্ষা | কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং এ স্নাতক/সমমান।<br>অথবা<br>বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ০৩ বছর মেয়াদি ডিপ্লোমা ইন কম্পিউটার সায়েন্স ডিগ্রি।<br>(সমগ্র শিক্ষা জীবনে যে কোন ০১ টি ৩য় শ্রেণী/সমমান গ্রহণযোগ্য হবে) |
| ৪. | নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় | সহকারী শিক্ষক (ধর্ম) | ইসলাম শিক্ষা/ হিন্দু ধর্ম শিক্ষা/ বৌদ্ধধর্ম শিক্ষা/ খ্রিস্টধর্ম শিক্ষা | ১. ইসলাম ধর্মের ক্ষেত্রেঃ<br>ক. কামিল/ সমমান ডিগ্রি। অথবা;<br>খ. ফাজিল/ সমমান ডিগ্রি।<br>২. হিন্দু ধর্মের ক্ষেত্রেঃ<br>ক. উপাধি ডিগ্রিসহ স্নাতক ডিগ্রি। অথবা;<br>খ. সংস্কৃত বিষয়সহ স্নাতক ডিগ্রি।<br>৩. বৌদ্ধ ধর্মের ক্ষেত্রেঃ<br>পালি বিষয়সহ স্নাতক ডিগ্রি।<br>৪. খ্রিস্ট ধর্মের ক্ষেত্রেঃ<br>থিওলজিক্যাল কোর্স সম্পন্নকরণসহ স্নাতক ডিগ্রি।<br>(সকল ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে যে কোন ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/ মাদরাসা/ কলেজ | সহকারী শিক্ষক(শরীর চর্চা)/ শরীরচর্চা শিক্ষক | শারীরিক শিক্ষা ও ক্রীড়া | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/ সমমান ও বি.পি.এড ডিগ্রি। অথবা;<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/ সমমান ও জুনিয়র ফিজিক্যাল ডিপ্লোমা।<br>(সমগ্র শিক্ষাজীবনে যে কোন ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) |
| ৬. | মাদরাসা | সহকারী মৌলবি | ইসলাম শিক্ষা | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে ফাযিল/ সমমান ডিগ্রিসহ বিএমএড/ বিএড/ সমমান<br>অথবা<br>ইসলামী বিশ্ববিদ্যালয় অধিভূক্ত মাদরাসাসমূহ হতে ফাযিল ডিগ্রি/ সমমান এবং বিএমএড/ বিএড/ সমমান<br>অথবা<br>ইসলামী বিশ্ববিদ্যালয়ের থিওলজি অনুষদ, আরবি ও ফিকাহ বিভাগ হতে অনার্স ডিগ্রিসহ বিএমএড/ বিএড/ সমমান।<br>অথবা;<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে ফাযিল ডিগ্রি/ সমমান<br>অথবা<br>ইসলামী বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে ফাযিল ডিগ্রি/ সমমান<br>অথবা<br>ইসলামী বিশ্ববিদ্যালয়ের থিওলজি অনুষদ, আরবি ও ফিকাহ বিভাগ হতে অনার্স ডিগ্রি/ সমমান।<br>(সমগ্র শিক্ষাজীবনে যে কোন ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) |
| ৭. | সংযুক্ত এবতেদায়ি মাদরাসা | এবতেদায়ি প্রধান | ইসলাম শিক্ষা | স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে ফাযিল ডিগ্রি/ সমমান<br>অথবা<br>ইসলামী বিশ্ববিদ্যালয় অধিভূক্ত মাদরাসাসমূহ হতে ফাযিল ডিগ্রি/ সমমান<br>অথবা<br>ইসলামী বিশ্ববিদ্যালয়ের থিওলজি অনুষদ, আরবি ও ফিকাহ বিভাগ হতে অনার্স ডিগ্রি/ সমমান।<br>(সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) |
| | | জুনিয়র মৌলবি | কুরআন ও তাজবীদ/ ফিকাহ ও আরবি | মাদরাসা শিক্ষা বোর্ড হতে আলিম ডিগ্রি বা সমমান।<br>(সমগ্র শিক্ষাজীবনে যে কোন ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) |
| | | জুনিয়র শিক্ষক (সাধারণ) | ভাষা (বাংলা ও ইংরেজি) | এইচ এস সি/ সমমান।<br>(সমগ্র শিক্ষাজীবনে যে কোন ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) |
| | | এবতেদায়ি ক্বারি | কুরআন ও তাজবীদ/ ফিকাহ ও আরবি | মাদরাসা শিক্ষা বোর্ড হতে দাখিল মুজাব্বিদ/ আলিম মুজাব্বিদ মাহির।<br>(শুধু দাখিল মুজাব্বিদ হলে অবশ্যই ২য় বিভাগ থাকতে হবে)<br>(সমগ্র শিক্ষাজীবনে যে কোন ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) |
| ৮. | উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/ কলেজ/ মাদরাসা | প্রদর্শক | ১. পদার্থবিজ্ঞান ২. রসায়ন ৩. প্রাণিবিদ্যা ৪. উদ্ভিদবিজ্ঞান | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী/ সমমান।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতিত শিক্ষাজীবনের অন্যান্য স্তরে যেকোন ১টি ৩য় শ্রেণী/ সমমান গ্রহণযোগ্য হবে।<br>অথবা<br>স্নাতকোত্তর/ সমমান পর্যায়ে ২য় শ্রেণী থাকলে অন্যান্য পর্যায়ে যে কোন ১টি ৩য় শ্রেণী/ বিভাগ গ্রহণযোগ্য হবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯. | কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান | সহকারী শিক্ষক, সাধারণ বিষয় (ভাষা) | বাংলা/ইংরেজি | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ৩০০ নম্বরের বাংলা/ ইংরেজিসহ স্নাতক ডিগ্রি/ সমমান এবং বি.এড ডিগ্রি/ সমমান। অথবা;<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ৩০০ নম্বরের বাংলা/ ইংরেজিসহ স্নাতক ডিগ্রি/ সমমান।<br>(সমগ্র শিক্ষাজীবনে যে কোন ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) |
| ১০. | মাধ্যমিক কারিগরি/ দাখিল কারিগরি/ ভোকেশনাল ইনস্টিটিউট | ট্রেড ইন্সট্রাক্টর | (১) এগ্রোবেসড্ ফুড (২) জেনারেল ইলেকট্রনিক্স (৩) অটোমোটিভ (৪) বিল্ডিং মেইনটেন্যান্স/সিভিল কন্সট্রাকশন (৫) কম্পিউটার ও তথ্য প্রযুক্তি (৬) ড্রেস মেকিং (৭) ফার্ম মেশিনারি (৮) ফিস কালচার এন্ড ব্রিডিং/শ্রিম্প কালচার এন্ড ব্রিডিং (৯) ফুড প্রসেসিং এন্ড প্রিজার্ভেশন (১০) জেনারেল মেকানিক্স (১১) পোল্ট্রি রিয়ারিং এন্ড ফার্মিং (১২) জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস/ ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস (১৩) রিফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং (১৪) ফ্লাওয়ার, ফ্রুট এন্ড ভেজিটেবল কাল্টিভেশন (১৫) ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন (১৬) সিভিল ড্রাফটিং উইথ ক্যাড (১৭) মেকানিক্যাল ড্রাফটিং উইথ ক্যাড (১৮) লাইভস্টক রিয়ারিং এন্ড ফার্মিং (১৯) পেশেন্ট কেয়ার (২০) প্লাম্বিং এন্ড পাইপ ফিটিং (২১) আর্কিটেকচারাল ড্রাফটিং উইথ ক্যাড। | সংশ্লিষ্ট টেকনোলজিতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/ টেকনিক্যাল এডুকেশন/ ভোকেশনাল এডুকেশন-এ ২য় শ্রেণী/ সমমান।<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বিজ্ঞান বিভাগে স্নাতকসহ সংশ্লিষ্ট ট্রেডে সরকার কর্তৃক স্বীকৃত কারিগরি প্রতিষ্ঠান থেকে ০১ (এক) বছরের প্রশিক্ষণ।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতিত শিক্ষা জীবনের অন্যান্য স্তরে যেকোন ১টি ৩য় শ্রেণী/ সমমান গ্রহণযোগ্য হবে।<br>অথবা<br>স্নাতকোত্তর/ সমমান পর্যায়ে ২য় শ্রেণী থাকলে অন্যান্য পর্যায়ে যেকোন ১টি ৩য় শ্রেণী/ বিভাগ গ্রহণযোগ্য হবে। |
| ১১. | উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/ কলেজ/ মাদরাসা/ ব্যবসায় ব্যবস্থাপনা ইনস্টিটিউট | প্রভাষক | ১. বাংলা ২. ইংরেজি ৩. অর্থনীতি ৪. রাষ্ট্রবিজ্ঞান ৫. ইতিহাস ৬. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ৭. দর্শন ৮. সমাজবিজ্ঞান ৯. সমাজকল্যাণ/ সমাজকর্ম ১০. মনোবিজ্ঞান ১১. সংস্কৃত ১২. পদার্থবিদ্যা ১৩. রসায়ন ১৪. গণিত ১৫. প্রাণিবিদ্যা ১৬. উদ্ভিদ বিজ্ঞান ১৭. ভূগোল ও পরিবেশ বিজ্ঞান ১৮. পরিসংখ্যান ১৯. মৃত্তিকা বিজ্ঞান ২০. গার্হস্থ্য অর্থনীতি ২১.ব্যবস্থাপনা ২২. মার্কেটিং ২৩. ফিন্যান্স ২৪. গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান ২৫. ইসলাম শিক্ষা ২৬. পালি | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রীসহ ২য় শ্রেণী/ সমমানের স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা;<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণী/ সমমানের স্নাতক (সম্মান) ডিগ্রি।<br>(বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতিত শিক্ষা জীবনের অন্যান্য স্তরে যে কোন ১টি ৩য় শ্রেণী/ সমমান গ্রহণযোগ্য হবে) |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২. | উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/ কলেজ/ মাদরাসা | প্রভাষক | ২৭. হিসাববিজ্ঞান | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রীসহ ২য় শ্রেণী/ সমমানের স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণী/ সমমানের স্নাতক (সম্মান) ডিগ্রি।<br>(বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতিত শিক্ষা জীবনের অন্যান্য স্তরে যে কোন ১টি ৩য় শ্রেণী/ সমমান গ্রহণযোগ্য হবে) |
| ১৩. | উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/ কলেজ | প্রভাষক | ২৮. আরবি | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রীসহ ২য় শ্রেণী/ সমমানের স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণী/ সমমানের স্নাতক (সম্মান) ডিগ্রি।<br>(বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতিত শিক্ষা জীবনের অন্যান্য স্তরে যে কোন ১টি ৩য় শ্রেণী/ সমমান গ্রহণযোগ্য হবে) |
| ১৪. | মাদরাসা | প্রভাষক | ২৯. আরবি | স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে ২য় শ্রেণীর কামিল ডিগ্রি বা সমমান<br>অথবা<br>ইসলামী বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে ২য় শ্রেণীর কামিল/ সমমান<br>অথবা<br>ইসলামী বিশ্ববিদ্যালয়ের থিওলজি অনুষদ, আরবি ও ফিকাহ বিভাগ হতে ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান)/ ৩ বছরের সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি/ সমমান।<br>(বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতিত শিক্ষা জীবনের অন্যান্য স্তরে যে কোন ১টি ৩য় শ্রেণী/ সমমান গ্রহণযোগ্য হবে) |
| ১৫. | কলেজ/ কৃষি ডিপ্লোমা ইনস্টিটিউট | প্রভাষক/ ইন্সট্রাক্টর (টেক) | ৩০. কৃষি | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রীসহ ২য় শ্রেণী/ সমমানের স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণী/ সমমানের স্নাতক (সম্মান) ডিগ্রি।<br>অথবা<br>ইন্সট্রাক্টর (টেক)-এর ক্ষেত্রে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি (এজি)/ বিএসসি (ডিভিএম)/ বিএসসি (ফিসারিজ)/ বিএসসি (কৃষি প্রকৌশল) বিষয়ে স্নাতক/ সমমান।<br>(বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতিত শিক্ষা জীবনের অন্যান্য স্তরে যে কোন ১টি ৩য় শ্রেণী/ সমমান গ্রহণযোগ্য হবে) |
| ১৬. | উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/ কলেজ/ মাদরাসা | প্রভাষক (কম্পিউটার বিজ্ঞান) | ৩১. কম্পিউটার বিজ্ঞান | কম্পিউটার বিজ্ঞান/ কম্পিউটার প্রকৌশলে স্নাতকোত্তর বা ৪ (চার) বছর মেয়াদি ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রি।<br>অথবা<br>বিজ্ঞান বিভাগে (পদার্থ, রসায়ন, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, গণিত ও পরিসংখ্যান) ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ সরকার অনুমোদিত যে কোন ১টি প্রতিষ্ঠান (নেকটার, যুব উন্নয়ন অধিদপ্তর, মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর, সমাজসেবা অধিদপ্তর, কারিগরি শিক্ষা বোর্ড, সরকারী পলিটেকনিক ইনস্টিটিউট, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র এবং স্বীকৃত বিশ্ববিদ্যালয়) হতে ন্যূনতম ০৬ (ছয়) মাস মেয়াদি প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে।<br>(বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতিত শিক্ষা জীবনের অন্যান্য স্তরে যে কোন ১টি ৩য় শ্রেণী/ সমমান গ্রহণযোগ্য হবে) |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | ব্যবসায় ব্যবস্থাপনা ইনস্টিটিউট | প্রভাষক (কম্পিউটার অপারেশন) | ৩২. কম্পিউটার অপারেশন | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) ২য় শ্রেণী/ সমমান<br>অথবা<br>বিজ্ঞান বিভাগে (পদার্থ, রসায়ন, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, গণিত ও পরিসংখ্যান) ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ সরকার অনুমোদিত যে কোন ১টি প্রতিষ্ঠান (নেকটার, যুব উন্নয়ন অধিদপ্তর, মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর, সমাজসেবা অধিদপ্তর, কারিগরি শিক্ষা বোর্ড, সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র এবং স্বীকৃত বিশ্ববিদ্যালয়) হতে ন্যূনতম ৬ মাস মেয়াদি প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে।<br>(বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতিত শিক্ষা জীবনের অন্যান্য স্তরে যে কোন ১টি ৩য় শ্রেণী/ সমমান গ্রহণযোগ্য হবে) |
| | | প্রভাষক (হিসাবরক্ষণ) | ৩৩. হিসাবরক্ষণ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ও ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি / সমমান।<br>অথবা;<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণী/ সমমানের স্নাতক (সম্মান) ডিগ্রি।<br>(বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতিত শিক্ষা জীবনের অন্যান্য স্তরে যে কোন ১টি ৩য় শ্রেণী/ সমমান গ্রহণযোগ্য হবে) |
| | | প্রভাষক (ব্যাংকিং) | ৩৪. ব্যাংকিং | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যিক বিষয়ে স্নাতক ও ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি/ সমমান।<br>অথবা<br>বাণিজ্যিক বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদী ২য় শ্রেণীর সম্মান ডিগ্রি/ সমমান।<br>(বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতিত শিক্ষাজীবনের অন্যান্য স্তরে যেকোন ১টি ৩য় শ্রেণী/ সমমান গ্রহণযোগ্য হবে) |
| | | প্রভাষক (উদ্যোক্তা উন্নয়ন) | ৩৫. উদ্যোক্তা উন্নয়ন | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যিক বিষয়ে স্নাতকসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি/ সমমান।<br>অথবা<br>বাণিজ্যিক বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদী ২য় শ্রেণীর সম্মান ডিগ্রি/ সমমান।<br>(বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতিত শিক্ষাজীবনের অন্যান্য স্তরে যে কোন ১টি ৩য় শ্রেণী/ সমমান গ্রহণযোগ্য হবে) |

১৩। **সিলেবাস প্রাপ্তিঃ**

ক. প্রিলিমিনারি টেস্ট ও লিখিত পরীক্ষার বিষয়ভিত্তিক সিলেবাস NTRCA-এর http://ntrca.teletalk.com.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

খ. সকল পদের পরীক্ষার্থীগণ তাদের পছন্দকৃত ঐচ্ছিক বিষয়ে এনটিআরসিএ প্রদত্ত সিলেবাস অনুসরণপূর্বক পরীক্ষায় অংশগ্রহণ করবেন।

১৪। **লিখিত পরীক্ষাঃ**

ক. **লিখিত পরীক্ষার সময়সূচিঃ**

| তারিখ ও বার | সময় | পর্যায় |
|---|---|---|
| ১২.০৮.২০১৬ (শুক্রবার) | সকাল ০৯:০০ টা - দুপুর ১২:০০টা | স্কুল ও স্কুল-২ |
| ১৩.০৮.২০১৬ (শনিবার) | সকাল ০৯:০০ টা - দুপুর ১২:০০টা | কলেজ |

খ. ১০০ (একশত) নম্বরের প্রতিটি বিষয়ের লিখিত পরীক্ষার সময় ৩ (তিন) ঘণ্টা।

১৫। **পরীক্ষার উত্তরপত্র সংক্রান্ত গোপনীয়তাঃ**

প্রিলিমিনারি টেস্টের MCQ উত্তরপত্র ও লিখিত পরীক্ষার সকল উত্তরপত্র গোপনীয় দলিল হিসেবে গণ্য হবে এবং কোনো অবস্থাতেই কোনো প্রার্থী বা তার প্রতিনিধিকে সেগুলো প্রদর্শন বা প্রদান করা হবে না। প্রিলিমিনারি টেস্ট ও লিখিত পরীক্ষার কোন উত্তরপত্র পুনর্নিরীক্ষণ বা পুনমূল্যায়নের কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

১৬। **লিখিত পরীক্ষায় উত্তরদানের ভাষাঃ**

বাংলা, ইংরেজি ও অন্যান্য ভাষা সম্পর্কিত বিষয়ের প্রশ্নের উত্তর সংশ্লিষ্ট ভাষাতেই লিখতে হবে। অন্যান্য বিষয়ের প্রশ্নের উত্তর বাংলা বা ইংরেজি মাধ্যমের যে কোনো একটিতে লিখা যাবে। একটি বিষয়ের উত্তরে একাধিক ভাষা ব্যবহার করা যাবে না। কোনো বিষয়ের প্রশ্নপত্রে অন্য কোনোরূপ নির্দেশনা থাকলে উক্ত বিষয়ের ক্ষেত্রে ঐ নির্দেশনা অনুযায়ী প্রশ্নোত্তর লিখতে হবে।

১৭। **মৌখিক পরীক্ষাঃ**

ক. এ বিজ্ঞপ্তির ১০(ঝ) অনুযায়ী মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীগণকে SMS-এর মাধ্যমে মৌখিক পরীক্ষার তারিখ ও সময় অবহিত করা হবে। SMS-এ প্রাপ্ত নির্দেশনা মোতাবেক নির্বাচিত প্রার্থীগণকে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত নম্বরের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

খ. লিখিত ও মৌখিক পরীক্ষার প্রাপ্ত নম্বরের ভিত্তিতে উপজেলা, জেলা ও জাতীয় মেধা তালিকা প্রণীত হবে।

১৮। মেধা তালিকা ভিত্তিক প্রণীত ফলাফল পুনর্নিরীক্ষণ বা পুনমূল্যায়নের কোন বিধান বিধিতে না থাকায় এ বিষয়ে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

১৯। **পরীক্ষার কেন্দ্রসমূহঃ**

ক. প্রবেশপত্রে উল্লিখিত পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হয়ে প্রার্থীকে পরীক্ষা দিতে হবে। কেন্দ্র পরিবর্তনের কোনো আবেদন গ্রহণ করা হবে না।

খ. **প্রিলিমিনারি টেস্টের কেন্দ্রঃ** দেশের ২০ (বিশ)টি জেলা শহর তথাঃ দিনাজপুর, রংপুর, বগুড়া, রাজশাহী, পাবনা, কুষ্টিয়া, যশোর, খুলনা, জামালপুর, ময়মনসিংহ, টাঙ্গাইল, ঢাকা, ফরিদপুর, কুমিল্লা, নোয়াখালী, চট্টগ্রাম , বরিশাল, পটুয়াখালী, সিলেট ও রাঙ্গামাটিতে ত্রয়োদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা অনুষ্ঠিত হবে।

গ. **লিখিত পরীক্ষার কেন্দ্রঃ** প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থীদের দেশের বিভাগীয় ৮টি জেলা শহর তথাঃ রংপুর, রাজশাহী, খুলনা, ঢাকা, চট্টগ্রাম, বরিশাল, সিলেট ও ময়মনসিংহ এ লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ঘ. **Online আবেদনপত্রে প্রার্থী কর্তৃক পূরণকৃত পরীক্ষা কেন্দ্রে প্রার্থী প্রিলিমিনারি টেস্টে অংশগ্রহণ করবেন।**

ঙ. **প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থীগণ তাদের প্রিলিমিনারি টেস্টের কেন্দ্রের বিপরীতে নিম্নছকে বর্ণিত কেন্দ্রে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করবেনঃ**

| প্রিলিমিনারি টেস্টের কেন্দ্র | লিখিত পরীক্ষার কেন্দ্র |
|---|---|
| রংপুর ও দিনাজপুর | রংপুর |
| বগুড়া, পাবনা ও রাজশাহী | রাজশাহী |
| যশোর, খুলনা ও কুষ্টিয়া | খুলনা |
| ঢাকা, ফরিদপুর ও টাঙ্গাইল | ঢাকা |
| রাঙ্গামাটি, চট্টগ্রাম, কুমিল্লা ও নোয়াখালী | চট্টগ্রাম |
| বরিশাল ও পটুয়াখালী | বরিশাল |
| সিলেট | সিলেট |
| ময়মনসিংহ, জামালপুর | ময়মনসিংহ |

২০। **বিবিধঃ**

ক. ইতঃপূর্বে অনুষ্ঠিত নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ যোগ্যতা সাপেক্ষে ত্রয়োদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৬ এ অংশগ্রহণ করতে পারবেন।

খ. **চূড়ান্ত ফলাফল প্রকাশের তারিখ হতে পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে উত্তীর্ণ প্রার্থীর সনদপত্র Online আবেদনপত্রে উল্লেখিত তাঁর স্থায়ী ঠিকানার জেলা শিক্ষা অফিসে প্রেরণ করা হবে। উক্ত সময়ের মধ্যে এনটিআরসিএ কোন সাময়িক প্রত্যয়নপত্র প্রদান করবে না। ওয়েবসাইটে প্রদত্ত ফলাফল এর প্রিন্টকপি সাময়িক প্রত্যয়নপত্র হিসেবে গণ্য হবে।**

গ. অনিবার্য কারণবশতঃ পরীক্ষার তারিখ ও সময় পরিবর্তিত হলে তা যথানিয়মে এবং যথাসময়ে অবহিত করা হবে।

ঘ. বিজ্ঞপ্তিতে অনুল্লিখিত কোনো বিষয়ে ব্যাখ্যার প্রয়োজন হলে NTRCA এ বিষয়ে প্রয়োজনীয় ব্যাখ্যা প্রদান করবে।

ঙ. পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য NTRCA-এর ০২-৫৫১৬৭৪১৭, ০২-৫৫১৬৭৪১৮, ০২-৫৫১৬৭৪১৯ ও ০২-৫৫১৬৭৪২১ নম্বর থেকে জানা যাবে।

চ. পরীক্ষা গ্রহণ, মেধা তালিকা প্রণয়ন ও নিবন্ধন সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৪/০২/১৬

**(মোঃ হুমায়ুন কবীর)**
সদস্য (যুগ্ম-সচিব)
পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন
এনটিআরসিএ, ঢাকা।